# আন-নাজম | An-Najm | اَلنَّجْم

আয়াতঃ ৫৩ : ১

## আরবি মূল আয়াত:

وَ النَّجۡمِ اِذَا هَوٰی ۙ﴿۱﴾

## অনুবাদসমূহ:

কসম নক্ষত্রের, যখন তা অস্ত যায়। — আল-বায়ান

শপথ তারকার যখন তা অস্ত যায়, — তাইসিরুল

শপথ নক্ষত্রের, যখন ওটা হয় অস্তমিত, — মুজিবুর রহমান

By the star when it descends, — Sahih International

### ১. শপথ নক্ষত্রের, যখন তা হয় অস্তিমিত(১),

(১) নক্ষত্রমাত্রকেই نجم বলা হয় এবং বহুবচন نجوم [ইরাবুল কুরআন]। কখনও এই শব্দটি কয়েকটি নক্ষত্রের সমষ্টি সপ্তর্ষিমণ্ডলের অর্থেও ব্যবহৃত হয়। এই আয়াতেও কেউ কেউ নজমের তফসীর “সুরাইয়া” অর্থাৎ সপ্তর্ষিমণ্ডল দ্বারা করেছেন। সুদ্দী বলেন, এর অর্থ শুক্রগ্রহ (Venus)। [কুরতুবী]। هوى শব্দটি পতিত হওয়ার অর্থে ব্যবহৃত হয়। নক্ষত্রের পতিত হওয়ার মানে অস্তমিত হওয়া। এই আয়াতে আল্লাহ তা'আলা নক্ষত্রের কসম খেয়ে বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর ওহী সত্য, বিশুদ্ধ ও সন্দেহ-সংশয়ের উর্ধ্বে। [আদওয়াউল বায়ান, সা'দী]

তাফসীরে জাকারিয়া

### (১) শপথ নক্ষত্রের, যখন তা অস্তমিত হয়। [1]

[1] মুফাসসিরদের কেউ কেউ ‘নক্ষত্র’ বলতে কৃত্তিকা নক্ষত্রকে বুঝিয়েছেন। আবার কেউ কেউ শুকতারাকে বুঝিয়েছেন। অন্যরা সমস্ত তারাকেই বুঝিয়েছেন। هَوَى উপর থেকে নীচে পড়া। অর্থাৎ, যখন তা রাতের শেষে ফজরের সময় পতিত (অদৃশ্য) হয়। অথবা শয়তানদেরকে মারার জন্য তাদের উপর পতিত হয়। অথবা অন্যদের উক্তি অনুযায়ী, কিয়ামতের দিন পতিত হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4785

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন